"সংশোধনী বিজ্ঞপ্তি"

নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্মত শিক্ষা

রংপুর আর্মি নার্সিং কলেজ

(সেনাবাহিনীর পরিচালিত একটি বেসামরিক প্রতিষ্ঠান)

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক অনুমোদিত এবং বিইউপির অধিভুক্ত

রংপুর আর্মি নার্সিং কলেজে (সম্পূর্ন আবাসিক) ভর্তি শুরু

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বিএসসি নার্সিং (৪ বছর মেয়াদী) কোর্স
রংপুর সেনানিবাসস্থ সিএমএইচ রংপুরের ভিতরে নান্দনিক ক্যাম্পাস

ভর্তির যোগ্যতা

১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। শুধু মাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবে।

৩। ০১ জানুয়ারি ২০২০ ইং তারিখে বয়স ১৭ থেকে ২২ বৎসর এর মধ্যে হতে হবে।

৪। প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ্য হতে হবে।

৫। প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে এবং কোর্স চলাকালীন সময়ে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারবেন না। কোর্সের যে কোন পর্যায়ে বিবাহিত প্রমানিত হলে ভর্তি বাতিল করা হবে।

৬। শিক্ষাগত যোগ্যতা ঃ

(ক) প্রার্থীকে ২০১৮ ও ২০১৯ ইংরেজী সালে এইচএসসি / সমমানের পরীক্ষায় পাশ এবং ২০১৬ ও ২০১৭ সালে এসএসসি বা সমমান পরীক্ষায় উর্ত্তীণ হতে হবে।

(খ) বিজ্ঞান বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমানের দুটি পরীক্ষায় মোট জিপিএ ৭.০০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হবে না এবং উভয় পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ ৩.০০ থাকতে হবে।

- **আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়ার শেষ তারিখ ঃ ২৮ নভেম্বর ২০১৯।**
- **ভর্তির জন্য তথ্য ও যোগাযোগ ঃ রংপুর আর্মি নার্সিং কলেজ, রংপুর সেনানিবাস।**
- **আবেদনপত্র www.rancbd.com হতে ডাউন লোড করা যাবে।**

মোবাইল ঃ ০১৭৬৯-৬৬৫৬৮০, ০১৭৬৯-৬৬৫৮৮৬।

ই-মেইল ঃ rancbd2015@gmail.com

সামরিক বাহিনী পরিচালিত একটি শিক্ষা প্রতিষ্ঠানের গর্বিত শিক্ষার্থী হওয়ার সুযোগ গ্রহন করুন

৫। **আবেদনপত্র সংগ্রহ ও দাখিল করার নিয়মাবলী ঃ**

ক। আবেদনপত্র রংপুর আর্মি নার্সিং কলেজের ওয়েব সাইট www.rancbd.com হতে ডাউনলোড করতে হবে অথবা রংপুর আর্মি নার্সিং কলেজ, রংপুর সেনানিবাস হতে অফিস চলাকালীন সময়ে (সকাল ০৯০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত) ছুটির দিন ব্যতীত সংগ্রহ করা যাবে। আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়ার শেষ তারিখ ২৮ নভেম্বর ২০১৯।

খ। আবেদন পত্র স্বহস্থে পুরণ করত ঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ অধ্যক্ষ, রংপুর আর্মি নার্সিং কলেজ এই ঠিকানায় ডাক যোগে পাঠাতে হবে অথবা স্বশরীরে এসে জমা দিতে হবে। ভর্তির আবেদনপত্র ও আনুষাঙ্গিক খরচ বাবদ ৩০০.০০(তিনশত) টাকা (অফেরতযোগ্য) বিকাশ নং ০১৭৬৯৬৬৫৬৮০ (নার্সিং কলেজের) তে বিকাশ চার্জসহ পাঠাতে হবে। স্বশরীরে আবেদনপত্র জমা দেওয়ার ক্ষেত্রে উক্ত টাকা ফরম জমা দেওয়ার সময় প্রদান করতে হবে। ফরম পুরণ করার সময় বিকাশের মাধ্যমে টাকা পাঠানো হলে ফরমে বিকাশ এর রেফারেন্স নং টি উল্লেখ করতে হবে।

গ। অসম্পূর্ন ও ত্রুটিপূর্ন আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

৬। **আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্র জমা দিতে হবে ঃ**

ক। প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্বলিত স্থানীয় ইউপি চেয়ারম্যান অথবা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
খ। এসএসসি বা সমমানের পরীক্ষা এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ মার্কসীটের সত্যায়িত ফটোকপি।
গ। এসএসসি বা সমমানের এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় সার্টিফিকেট/প্রভিশিনাল সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।
ঘ। শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি।
ঙ। জন্মনিবন্ধন/ ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি।
চ। পাসপোর্ট সাইজের সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

৭। **প্রবেশপত্র বিতরন ঃ** ০১ ডিসেম্বর ২০১৯ হতে ০৫ ডিসেম্বর ২০১৯ তারিখ ০৮৩০- ১৪০০ ঘটিকা পর্যন্ত টাকা জমা দেওয়ার রশিদ প্রদর্শন পূর্বক প্রবেশপত্র অত্র কলেজ ক্যাম্পাস এর অফিস রুম হতে সংগ্রহ করতে হবে।

৮। **লিখিত, মৌখিক ও ডাক্তারী পরীক্ষা ঃ** আগামী ০৭ ডিসেম্বর ২০১৯ তারিখে সকাল ১০০০ ঘটিকা হতে ১১০০ ঘটিকা পর্যন্ত লিখিত পরীক্ষা এবং ১১৩০ ঘটিকা হতে মৌখিক ও ডাক্তারী পরীক্ষা অত্র কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

৯। **নির্বাচন পদ্ধতি ঃ**

ক। **প্রার্থী মূল্যায়ন ও নম্বর বিভাজন:** এসএসসি (সমমান) ও এইচএসসি সমমান জিপিএ এবং নম্বরের ভিত্তিতে প্রার্থী মূল্যায়ন করা হবে।

এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৪ গুণিতক	= ২০ নম্বর (সর্বচ্চ)
এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৬ গুণিতক	= ৩০ নম্বর (সর্বচ্চ)

লিখিত ও মৌখিক পরীক্ষা =১৫০ নম্বর, মোট = ২০০ নম্বর

খ। **লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি) = ১০০ নম্বর:**

বিএসসি ইন নার্সিং কোর্সের বিষয় ভিত্তিক নম্বর বিভাজনঃ বাংলা-২০, ইংরেজী-২০, গনিত-১০, বিজ্ঞান-৩০ (জীব বিজ্ঞান , পদার্থ ও রসায়ন) এবং সাধারন জ্ঞান ২০ অর্থাৎ মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে।

গ। **মৌখিক পরীক্ষা :** মৌখিক পরীক্ষা ৫০ নম্বর।

ঘ। **চুড়ান্ত ফলাফল ঃ** লিখিত, মৌখিক ও ডাক্তারী পরীক্ষার ফলাফল আগামী ১০ ডিসেম্বর ২০১৯ তারিখে অত্র কলেজের নোটিশ বোর্ডে / ওয়েব সাইট এর মাধ্যমে জানানো হবে।

১০। **অপেক্ষমান তালিকা ঃ** চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নামীয় তালিকার সাথে ভর্তির জন্য নির্ধারিত আসনের অতিরিক্ত মেধা ভিত্তিক ২০% প্রার্থীর নামীয় তালিকা অত্র প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে এবং ওয়েব সাইটে পাওয়া যাবে। ভর্তির শেষ তারিখের পর যে সব আসন শূন্য থাকবে তা অপেক্ষমান তালিকা হতে পূরণ করা হবে।

১১। **মুক্তিযোদ্ধা/ উপ-জাতীয় কোটা সংরক্ষণ ঃ** মুক্তিযোদ্ধার সন্তানের জন্য ২% এবং উপজাতী প্রার্থীদের জন্য ১% কোটা সংরক্ষিত থাকবে।

১২। চুড়ান্তভাবে নির্বাচিত প্রর্থীগণ রংপুর আর্মি নার্সিং কলেজে ০৪ (চার) বৎসর মেয়াদী ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) কোর্সে যোগদানের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী অত্র প্রতিষ্ঠান হতে গ্রহন করবেন।

১৩। কোর্স চলাকালীন সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট সমূহ রংপুর আর্মি নার্সিং কলেজে জমা থাকবে।

১৪। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১৫। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১৬। **প্রশিক্ষণ চলাকালীন সুযোগ সুবিধা ও বিধি নিষেধঃ**

ক। নিরাপদ ও মনোরম পরিবেশে সম্পুর্ণ আবাসিক শিক্ষা ব্যবস্থ্া ।

খ। প্রশিক্ষণ চলাকালীন বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং বাংলাদেশ ইউনির্ভাসিটি অব প্রফেশনালস্ (বিইউপি) কর্তৃক প্রদত্ত বিধান ও অত্র প্রতিষ্ঠানের নিয়ম শৃংখলা যথাযথভাবে মেনে চলতে হবে।

গ। প্রশিক্ষণ চলাকালীন অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহন করতে পারবে না, অন্যথায় প্রমাণ সাপেক্ষে প্রশিক্ষণ হতে তাকে বহিস্কার করা হবে। ভর্তির পর স্বেচ্ছায় ভর্তি বাতিল বা অন্য কোন কারনে বহিস্কার করা হলে অত্র কলেজের বিধান অনুযায়ী ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

ঘ। সিলেবাস/ কারিকুলাম অনুযায়ী তাত্ত্বিক শিক্ষা এবং দিবা ও নৈশকালীন ব্যবহারিক (ক্লিনিক্যাল প্রাকটিস) প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে।

ঙ। প্রশিক্ষণ শেষে চাকুরীর কোন নিশ্চয়তা প্রদান করা হবে না। তবে যোগ্য প্রার্থীগণ আর্মড ফোর্সেস নার্সিং সার্ভিসে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

বাস্তব প্রশিক্ষণের জন্য আমাদের রয়েছে সম্মিলিত সামরিক হাসপাতাল, রংপুর

(বিঃ দ্রঃ ভর্তি কার্যক্রম বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের সিদ্ধান্তের উপর পরিবর্তনযোগ্য)